টেলিগ্রাম
বাংলাব্যাংক

# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
ঢাকা ।

অফসাইট সুপারভিশন ডিপার্টমেন্ট

ওএস সার্কুলার লেটার নং-১৫

তারিখ ঃ ০৪-০৮-১৪১০
---
১৮-১১-২০০৩

**প্রধান নির্বাহী,**
**বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।**

প্রিয় মহোদয়,

**দায়, তারল্য ও বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং হিসাবের মাসিক বিবরণী দাখিল প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ে ০১-০১-২০০৩ তারিখের ডিবিওডি সার্কুলার নং-১ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলারের ৪ ও ৫ নং ক্রমিকে বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক কোম্পানীকে প্রতিমাসের বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং হিসাব এবং দায় ও তারল্যের মাসিক বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করার নির্দেশনা রয়েছে ।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় তফসিলী ব্যাংক উপরোক্ত বিবরণী দু'টি যথাসময়ে দাখিল করছে না । ফলে, পরবর্তী কার্যক্রম গ্রহণে অসুবিধা এবং বিলম্ব সৃষ্টি হচ্ছে । এমতাবস্থায়, উপরোক্ত বিবরণী দু'টিসহ বরাতোক্ত সার্কুলারে যাচিত সকল বিবরণী যথাসময়ে দাখিল নিশ্চিত করার জন্য আপনাদেরকে পুনরায় নির্দেশ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

( এস,কে, সুর চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৫০৪৩৭